

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৬২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানী

আরবী

وَعَنْ حَنَشٍ قَالَ: رَأَيْتُ عَلِيًّا رَضِيَ اللَّهُ عَنْهُ يُضحِي بِكَبْشَيْنِ فَقُلْتُ لَهُ: مَا هَذَا؟ فَقَالَ: (إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْصَانِي أَنْ أُضَحِي عَنْهُ فَأَنَا أُضحِي عَنْهُ وَاهُ أَوْصَانِي أَنْ أُضحِي عَنْهُ فَأَنَا أُضحِي عَنْهُ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَرَوَى التِّرْمِذِيُّ نَحْوَهُ

বাংলা

১৪৬২-[১০] হানাশ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আলী (রাঃ)-কে দু'টি দুম্বা কুরবানী করতে দেখে জিজ্ঞেস করলাম। এটাই কি (অর্থাৎ দু'টি কোন)? 'আলী (রাঃ) বললেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তাঁর পক্ষ হতে কুরবানী করার জন্য ওয়াসীয়াত করে গেছেন। তাই আমি তার পক্ষ হতে একটি দুম্বা কুরবানী করছি। (আবূ দাউদ, তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাঊদ ২৭৯০। কারণ এর সানাদে শরীক স্মৃতিশক্তিগত কারণে দুর্বল রাবী এবং হানাশ-কে জমহূর একজন দুর্বল রাবী হিসেবে অবহিত করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস প্রমাণ করে মৃত ব্যক্তির পক্ষ হতে কুরবানী করা বৈধ। তিরমিয়ী বলেন, কিছু সংখ্যক 'উলামারা অনুমতি দিয়েছেন মৃত ব্যক্তির পক্ষ হতে কুরবানী বৈধ তারা বিষয়টিকে তেমন খারাপ চোখে দেখেন না। আর 'আবদুল্লাহ ইবনু মোবরক বলেন, আমার নিকট বেশী পছন্দ যে মৃত ব্যক্তির পক্ষ হতে সম্পূর্ণ সদাকাহ্ (সাদাকা) করে দিবে কুরবানী না করে। আর যদি কুরবানী করে সম্পূর্ণটায় সদাকাহ্ (সাদাকা) করে দিবে সেখান হতে কোন কিছু ভক্ষণ করবে না। আর যারা মৃত ব্যক্তির পক্ষ হতে কুরবানী বৈধ মনে করে তা দলীল সম্মত আর যারা নিষেধ করেছে তাদের কোন দলীল নেই। আর নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম হতে প্রমাণিত, তিনি দু'টি দুম্বা কুরবানী দিতেন একটি নিজের ও পরিবারের পক্ষ হতে আর অন্যটি তাঁর উম্মাতের পক্ষ হতে যারা তার জন্য



তাওহীদ স্বীকৃতি দিয়েছে আর এ কথা ধ্রুব সত্য যে, তাঁর উম্মাতের অনেক লোক মারা গেছেন। তাঁর সময়কালে তিনি তার কুরবানীর পশুতে জীবিত ও মৃত সকলকে অন্তর্ভুক্ত করেছেন আর যে দুম্বটি তাঁর উম্মাতের জীবিত মৃত সকলের পক্ষ হতে কুরবানী করেছেন এমন কোন প্রমাণ নেই যে, এই দুম্বাটির গোশত সম্পূর্ণ দান করেছেন অথবা তিনি তা হতে খাননি বা নির্ধারিত অংশ মৃত ব্যক্তির জন্য সদাক্ষাহ্ (সাদাকা) করেছেন। বরং আবূ রাফি' বলেন, নিশ্চয় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ দু'টি হতে সকল মিসকীনকে খাইয়েছেন এবং তিনি নিজে ও তাঁর পরিবার খেয়েছেন হাদীসটি আহমাদ বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন